

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
চরভদ্রাসন, ফরিদপুর।
www.dae.charvadrason.faridpur.gov.bd

উপজেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ জনাব মোঃ মেহেদী মোর্শেদ উপজেলা নির্বাহী অফিসার চরভদ্রাসন, ফরিদপুর।
সভার তারিখ	ঃ ৩১/১০/২০২৩ খ্রিঃ
সময়	ঃ সকাল- ১০.০০ ঘটিকা
সভার স্থান	ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক

জনাব মোঃ মেহেদী মোর্শেদ, উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর ও অত্র কমিটির সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং অত্র কমিটির সদস্য সচিবকে কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চরভদ্রাসন, ফরিদপুর এর সভাপতির আহবানে সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব বলেন, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামাড়াবাড়ি, ফরিদপুর মহোদয়ের ১৯/১০/২৩ খ্রিঃ তারিখের স্মারক নংঃ ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৯৫ মোতাবেক ২০২৩-২৪ অর্থ বছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে রবি মৌসুমে হাইব্রিড বোরো ধানের আবাদ বৃদ্ধির জন্য ১৫০০ (পনেরশ) জন কৃষকদের মাঝে বিনামূল্যে হাইব্রিড বোরো ধানের বীজ সহায়তা প্রনোদনা কর্মসূচি বাস্তবায়নের নিমিত্তে চরভদ্রাসন উপজেলায় বরাদ্দ দেওয়া হয়েছে। তিনি বরাদ্দকৃত হাইব্রিড বোরো ধানের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য মোট ১৫০০ (পনেরশ) জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ইউনিয়ন ভিত্তিক নিম্নরূপ খসড়া বিভাজন সভায় উপস্থাপন করেন।

কর্মসূচি বাস্তবায়নে ইউনিয়নওয়ারী কৃষক পরিবারের সংখ্যার প্রস্তাবিত বিভাজন


ক্রঃনং	ফসলের নাম	ইউনিয়নের নাম				মোট
		চরভদ্রাসন	গাজীরটেক	চর হরিরামপুর	চর বাউকান্দা	
১	হাইব্রিড বোরো	৫০০	৬০০	২৫০	১৫০	১৫০০

অদ্যকার সভার আলোচ্য বিষয় সমূহ আলোচনা সাপেক্ষে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

১। অদ্যকার সভার কার্যপত্র আলোচনা ও সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।

আলোচ্য বিষয় সমূহ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১। হাইব্রিড বোরো ধান বীজ প্রণোদনা বিভাজন প্রসঙ্গে সদস্য সচিব বরাদ্দকৃত রবি মৌসুমে হাইব্রিড বোরো ধানের আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ইউনিয়ন ভিত্তিক বিভাজনের বিষয় উপস্থাপন করেন।	১। উপরিউক্ত প্রস্তাবিত বিভাজনে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। ২। নতুন তালিকা প্রনয়নের সময় যারা পূর্বে পায়নি তাদের অন্তর্ভুক্ত করতে হবে। ৩। উপসহকারী কৃষি কর্মকর্তারা অগ্রাধিকার তালিকা প্রস্তুত করতঃ মন্ত্রণালয়ের ১৯/১০/২৩ খ্রিঃ তারিখের স্মারক নংঃ ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৯৫ মোতাবেক সকল নির্দেশনা বাস্তবায়ন করে প্রনোদনা কার্যক্রম সমাপ্ত করবেন।	১। সভাপতি/সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি, চরভদ্রাসন, ফরিদপুর। ২। সভাপতি/সদস্য সচিব, ইউনিয়ন কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি, ইউনিয়ন (সকল), চরভদ্রাসন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



৩০. ১০. ২০২৩
(মোঃ মেহেদী মোশেদ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি


উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
চরভদ্রাসন, ফরিদপুর।

স্মারক নং-১২.০১.২৯২১.১৮৫.০৩৮.০০১.২৩/৪৮৩ (৭)

তারিখঃ ৩১/১০/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১) জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফরিদপুর।
- ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
- ৪) সদস্য-----, চরভদ্রাসন, ফরিদপুর।
- ৫) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ.....(সকল)
- ৬) উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল ব্লক), চরভদ্রাসন, ফরিদপুর।
- ৭) অফিস নথি।



(মুহাম্মদ তোফাজ্জল হোসেন)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
চরভদ্রাসন, ফরিদপুর।